মেহেরপুরের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন মল্লিকপাড়া ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করেন। মল্লিকপাড়া মুকুলের বাড়ি হতে নাসির এর বাড়ি পর্যন্ত ৪২০ মিটার আর সিসি ড্রেন নির্মাণের কাজ বরাদ্দ ৫১লাখ ৫২হাজার ৫০০টাকা। আগামি ৪ জুলাইয়ের মধ্যে কাজ শেষ হবে।

এ সময় সেখানে দোয়া করা হয়। ওয়ার্ড কাউন্সিলর নুরুল হাসান রাজিব, প্রকৌশলী হারুনুর রশীদ, সহকারি প্রকৌশলী মহাসিন আলী প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/ ইএম

মেহেরপুর পৌরসভার উদ্যোগে টিন বিতরণ

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৪ নং ওয়ার্ডের এক দুস্থ পরিবারকে টিন বিতরণ করা হয়।

বৃহস্পতিবার সকালে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন তাদের হাতে এ টিন তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ২ নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন,

৩ নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দল্লাহ বাপ্পি, ৪ নং ওয়ার্ড

কাউন্সিলর ইভান, মহিলা কাউন্সিলর আল্পনা খাতুন প্রমুখ।

মেপ্র/এমএফআর

গাংনী পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের বিক্ষোভ, কর্মবিরতী

গাংনী পৌরসভার ৫ নং ওয়ার্ড কান্সিলর বাবলুর রহমানের বিরুদ্ধে লাঞ্ছিতর অভিযোগ তুলে বিক্ষোভ ও অবস্থান ধর্মঘট করে পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীরা।

বুধবার দুপুরে গাংনী পৌরসভার গেটে পৌর কর্মকর্তা কর্মচারিরা এ কর্মসূচী পালন করেন।

এ সময় পৌর মেয়র আশরাফুল ইসলামের সামনে আন্দোলনরত কর্মকর্তা কর্মচারিরা কাউন্সিলরদের বিরুদ্ধে আপত্তিকর শ্লোগান দিলে ৭ নং ওয়ার্ড কাউন্সিল বদরুল ইসলাম বুদু ও ৬ নং ওয়ার্ড কাউন্সিলর নবিরুদ্দিন প্রতিবাদ করেন।

মেহেরপুরের গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম সকলকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেছেন আমার কোন প্রকার দূর্নীতি যদি কেউ প্রমান করতে পারে তাহলে সাথে সাথে আমি আমার চেয়ার ছেড়ে দেব। এক পর্যায়ে কাউন্সিলররা মেয়র আশরাফুল ইসলামকে দায়ি করে অভিযোগ করে সাংবাদিকদের বলেন মেয়রের ইন্ধনে পৌর কর্মচারিরা আমাদের বিরুদ্ধে আপত্তিকর শ্লোগান দিয়েছে।

এ নিয়ে পৌর পরিষদের কর্মকর্তা কর্মচারি ও কাউন্সিলরদের মধ্যে বাকবিতন্ডা শুরু হয়। কাউন্সিলররা আন্দোলনের বিষয়ে পৌর মেয়রকে দায়ি করলে পৌর মেয়র আশরাফুল ইসলাম কাউন্সিলরদের অভিযোগ অস্বীকার করে বলেন তাদের বারবার মাসিক মিটিংএ ডাকলে তারা আসেননা। এদিকে কাউন্সিলররা অভিযোগ করে বলেন আজকে মাসিক মিটিং ছিল বলে এসেছি। কিন্তু মেয়র আশরাফুল ইসলাম মাসিক মিটিং বানচাল করার জন্য

কর্মচারিদের ইন্ধন দিয়ে তাদেরকে দিয়ে অহেতুক আন্দোলন করাচ্ছেন।

এদিকে কাউন্সিলরদের অভিযোগ অস্বীকার করে পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন আমার পৌর সভায় কোন প্রকার দূর্নীতি মেনে নেবনা আমি নিজেও তা করবনা। মেয়রের কথার প্রতিবাদ করে কাউন্সিলররা তার দূর্নীতির কথা সাংবাদিকদের সামনে তুলে ধরেন।

এ সময় ৬নং ওয়ার্ড কাউন্সিলর নবিরুদ্দিন,৭ নং ওয়ার্ডের কাউন্সিলর বদরুল ইসলাম বুদু, ৮নং ওয়ার্ড কাউন্সিলর সহিদুল ইসলাম, ৯নং ওয়ার্ড কাউন্সিলর ইনামুল হক, ২নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান,৪ নং ওয়ার্ড কাউন্সিলর আছেল উদ্দিন, ১,২,ও ৩ নং ওয়ার্ড এর মহিলা কাউন্সিলর ফিরোজা বেগম উপস্থিৎ থেকে পৌর মেয়র আশরাফুল ইসলামের নিয়োগ বানিজ্য নিয়ে দূর্নীতির কথা তুলে ধরে বলেন পৌর সভায় লোক নিয়োগ দেওয়া বলে অনেকের সাথে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে।
কাউন্সিলর ইনামুল হক সাংবাদিকদের বলেন আমার ভাইয়ের ছেলেকে চাকুরি দেবে বলে প্রায় ৮লক্ষ টাকা নিয়েছে অথচ এখন পর্যন্ত কোন চাকুরি দেয়নি।

এছাড়া ২ নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান বলেন, আমার ওয়ার্ডের বাহাদুর নামের এক বাসিন্দার মেয়েকে চাকুরি দেবে বলে অনেক আগে টাকা নিয়েছে অথচ চাকুরিতো দুরের কথা সেই টাকা চাইতে গেলে ভুক্তোভোগিকে আজকাল করে হয়রানি দিচ্ছে। পৌর মেয়রের বিরুদ্ধে নিয়োগ বানিজ্য নিয়ে আরও অভিযোগ রয়েছে বলে কাউন্সিলররা অভিযোগ করেন। তারা মেয়রের দূর্নীতির বিষয়ে প্রমাণ সহ সাংবাদিকদের আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবে বলে জানিয়েছেন।

৮নং ওয়ার্ডের কাউন্সিলর বিএনপি নেতা সহিদুল ইসলাম বলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম মেয়র হওয়ার পর থেকে আওয়ামী লীগ সেজে আছে। আগে মেয়র আশরাফুল ইসলাম বিএনপি’র অর্থ বিষয়ক সম্পাদক ছিলেন। স্বতন্ত্র ভাবে পৌর ভোট করে পাশ করার পর তিনি আওয়ামী লীগ সেজে যুবলীগের নেতা দাবি করছেন।

এ ধরণের নানান অভিযোগ চলাকালে পৌর মেয়র আশরাফুল ইসলাম সে স্থান ত্যাগ করেন। পরে কাউন্সিলররা পৌরসভার সেবা দেওয়ার নামে যে অর্থ আদায় করা হয় তা অস্বাভাবিক হারে বৃদ্ধি করেছে বলে তারা অভিযোগ করেন।

কাউন্সিলর আছেল উদ্দিন বলেন ব্রিটিশরা যেমন নীল চাষ করত

পৌরবাসিদের সেবার নামে যে কর আদায় করা হয় তা সেই নীল চাষের মতোই। পৌর মেয়র আশরাফুল ইসলাম নীল করদের মতো আচরণ করছে।

এ বিষয়ে কাউন্সিলররা উর্দ্ধতন মহলে জানাবেন এবং এর একটি সুরুহা দাবি করবেন বলে জানিয়েছেন।

মেপ্র/ইএম

মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর পৌরসভার প্রস্তুতি সভা

মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর পৌরসভার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে পৌরসভার সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মুজিববর্ষ উপলক্ষে কি কি কর্মসুচি গ্রহন করা হবে তারই আলোকে আলোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

সভাপতির বক্তব্যে মেয়র বলেন, মুজিববর্ষে মেহেরপুর পৌর সভার প্রতিটি জনগনের জন্য সুশান্তি নিশ্চিত করা হবে।

বুধবার সকালে পৌরসভা এলাকাকে পরিষ্কার পরিছন্ন করার মাধ্যমে মুজিববর্ষের প্রথম কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

জাতির পিতা শেখ মুজিবুর রহমান এর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে মুজিববর্ষে দৃষ্টান্তমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

অন্যদের মধ্যে বক্তব্য দেন পেনেল মেয়র শাহিনুর রহমান রিটন, সচিব তৌফিকুর রহমান, মেহেরপুর পৌরসভার প্রধান প্রকৌশলী হারুন-অর রশিদ,

২নং ওয়ার্ডের কাউন্সিলর আল-মামুন, ৫নং ওয়ার্ডের কাউন্সিলর জাফর ইকবাল, ৭নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৪ নং ওয়ার্ডের

কাউন্সিলর ইভান, ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর ডলার ।

মেহেরপুর পৌরসভার সকল কর্মকর্তা ও কাউন্সিলর গন এসময় উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার উদ্যোগে বেগম রোকেয়া স্মরণে র্যালি ও আলোচনা সভা

মেহেরপুর পৌরসভার উদ্যোগে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের আওতায় জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে নারী জাগরণের পথিকৃত বেগম রোকেয়া স্মরণে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে পৌর মেয়র মাহফজুরুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভা চত্বর থেকে একটি র্যালি বের করা হয।

পরে পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পৌর মেয়র মাহফজুরুর রহমান রিটনের সভাপতিত্বে ◌াালোচনা সভায় বক্তব্য দেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রটন, কাউন্সিলর আবু আবদুল্লাহ বাপ্পি, আল মামুন, জাফর ইকবাল, জাহাঙ্গীর হোসেন, কল্পনা খাতুন, মনোয়ারা খাতুন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি